

চট্টগ্রামে দেশের দ্বিতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় : স্বাস্থ্যমন্ত্রী

চট্টগ্রাম অফিস

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী আফ ম রুহুল হক বলেছেন, উপজেলা পর্যায়ে আট হাজারের বেশি ডাক্তারের পদ সৃষ্টি। তাদের চাকার অসুবিধা নেই। আশা করি, শিগগিরই পদগুলো পূরণ করতে পারব। ডাক্তারদের যাতায়াত ও থাকার অসুবিধা দূর করে স্বাস্থ্য ব্যবস্থায় আমূল পরিবর্তন আনা হবে।

তিনি বলেন, চট্টগ্রামে আরো একটি মেডিকেল কলেজ হবে। আর বর্তমান মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে। যেটি হবে দেশের দ্বিতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয়।

গতবার দুপুরে চট্টগ্রামের ইঞ্জিনিয়ার ইন্সটিটিউশন মিলনায়তনে লায়ন ক্লাব-এর ১৫তম বার্ষিক জেলা সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, সরকার জনগণের মোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে কাজ করছে। দেশের সব হাসপাতালকে ইন্টারনেট সংযোগের আওতায় আনা হচ্ছে, যাতে টেলি কনফারেন্সের মাধ্যমে গরিব রোগীদের উন্নত চিকিৎসাসেবা দেয়া যায়। কমিউনিটি ক্লিনিক প্রসঙ্গে তিনি বলেন, 'জারা তিন হাজার কমিউনিটি ক্লিনিক চালু করেছিলেন।

সাম্প্রতিক কারণে পরবর্তী সরকার তা বন্ধ করে দিয়েছিল। জনবল তখনো ছিল, এখনো আছে। স্বাস্থ্যকর্মীদের কাজে

লাগিয়ে ফের কমিউনিটি ক্লিনিক চালু করেছেন। এখন মাড়ে ১২ হাজার কমিউনিটি ক্লিনিক চলছে। প্রতিটিতে তিনজন স্বাস্থ্যকর্মী কাজ করছেন।

শিশু মৃত্যুহারের ক্ষেত্রে অগ্রগতি ও মাউথ পুরস্কারসহ স্বাস্থ্য খাতে সরকারের নানা সাফল্য ও আন্তর্জাতিক স্বীকৃতি জুড়ে ধরে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ঢাকার কাইরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে কার্ডিয়াক সার্জারি সেন্টারের উদ্বোধন হতে যাচ্ছে। সরকার প্রতিটি জেলা হাসপাতালে একটি করে ইনটেনসিভ কেয়ার ইউনিট চালু করতে চায়, যাতে মূর্খ রোগীদের লাইফ সাপোর্ট দিয়ে বাঁচিয়ে রাখা যায়।

এখন সরকারি ওষুধ চুরি বন্ধ হয়ে গেছে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'জারা লাল-সবুজের মোড়কে সরকারি ওষুধ সরবরাহ করছেন। যা চুরি করা যায় না। তিনি বলে দিয়েছেন, ফার্মেট ও ওষুধ পাওয়া যাবে তাকে শাস্তি দেয়া হবে। এ উদ্যোগের কারণে ওষুধ চুরি বন্ধ হয়ে গেছে। এখন সিভিল সার্জনরা বলেন, সবার জন্মের ওষুধ মজুদ আছে।

লায়নিকমের সঙ্গে মহাপ্রাণ ব্যক্তির জড়িত উল্লেখ করে মন্ত্রী বলেন, জারা নিজেদের পকেটের পয়সা বরচ করে গরিব-অসহায় মানুষকে সেবা দেন। এ ধরনের কাজে যুবকদের আত্মনিয়োগের সুযোগ তৈরি করে দেয়ার জন্য লায়ন নেতাদের প্রতি আহ্বান জানান।